

০৩
২৪/১১/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নং-আগ্নে-৩(৬)/২০০৮(রাজ-৪)(অংশ-১)/৩৩

পরিপত্র

নং	৬০	তারিখ	২৬/১১/১২
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বিষয় : আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান ও নবায়নের নীতিমালা

আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান ও নবায়নের নিমিত্তে বিভিন্ন সময়ে জারীকৃত সকল সার্কুলার/ অফিস আদেশ/প্রজ্ঞাপন সমূহ সমন্বয়সাধন করে পূর্ণাঙ্গ নীতিমালা জারী করা হলো।

- কোন ব্যক্তিকে তার আবেদনের পরিপ্রেক্ষিতে একটি শর্ট ব্যারেল (এনপিবি পিস্তল/রিভলবার) এবং একটি লং ব্যারেল (শটগান/রাইফেল) অস্ত্রের লাইসেন্স দেয়া যেতে পারে। অর্থাৎ সর্বোচ্চ দুইটি অস্ত্রের লাইসেন্স দেয়া যেতে পারে। তবে যাদের ইতিমধ্যে দুই এর অধিক আগ্নেয়াস্ত্রের লাইসেন্স রয়েছে তা বহাল থাকবে। দুই এর অধিক কোন আগ্নেয়াস্ত্র থেকে বিক্রি/হস্তান্তর করা হলে তার পরিবর্তে নতুন কোন লাইসেন্স প্রাপ্ত হবেন না। চলমান জাতীয় দলের শ্যুটারদের ক্ষেত্রে জাতীয় শ্যুটিং ফেডারেশনের সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট শ্যুটারের নির্দিষ্ট শ্যুটিং ইভেন্টের সর্বোচ্চ তিনটি অস্ত্রের লাইসেন্স দেয়া যেতে পারে।
- আগ্নেয়াস্ত্র বিক্রি, হস্তান্তর, স্বত্ব ত্যাগ পূর্বক জমাদান বা অন্য কোন কারণে কর্তৃপক্ষ লাইসেন্স বাতিল করলে উক্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স বাতিল বলে গণ্য হবে। বাতিলকৃত লাইসেন্স পুনঃবহাল করা যাবে না। তবে নতুন লাইসেন্সের জন্য আবেদন করা যাবে।
- আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর বয়স ন্যূনতম ৩০ বছর হতে হবে। তবে এ শর্ত ১১ অনুচ্ছেদের ক, খ, গ, ঘ, ঙ এবং চ উপানুচ্ছেদের ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে করদাতা হতে হবে এবং আবেদনকারী কর্তৃক আবেদনের কর বছরে পিস্তল/রিভলবার এর ক্ষেত্রে ন্যূনতম ৩ লক্ষ টাকা এবং শটগান/রাইফেলের ক্ষেত্রে ন্যূনতম ১ লক্ষ টাকা আয়কর দিতে হবে। বিগত ৩ বৎসরের আয়কর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। ডিলিং লাইসেন্সের আবেদন করতে হলে বছরে ৫ লক্ষ টাকা আয়কর প্রদান করতে হবে।
- আবেদনকারী আগ্নেয়াস্ত্র লাইসেন্সের জন্য জেলা ম্যাজিস্ট্রেটের বরাবরে আবেদন করবেন। জেলা ম্যাজিস্ট্রেটের নির্ধারিত ফরমে আবেদনকারীর সন্তোষজনক পুলিশ প্রতিবেদন থাকতে হবে। শটগান/রাইফেল এর লাইসেন্স সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট ইস্যু করবেন। পিস্তল/রিভলবার-এর লাইসেন্সের আবেদনের উপরে জেলা ম্যাজিস্ট্রেটের সুপারিশের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক পূর্বানুমতি প্রদান করা হলে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট লাইসেন্স ইস্যু করবেন। লাইসেন্স ইস্যু করার পূর্বে জেলা ম্যাজিস্ট্রেটকে আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণ করে তার শারীরিক ও মানসিক সামর্থ্য, আবেদনকৃত অস্ত্র সম্পর্কে এবং এর রক্ষণাবেক্ষণ সম্পর্কে তার জ্ঞান ও অস্ত্রের প্রয়োজনীয়তা সম্পর্কে নিশ্চিত হতে হবে।
- ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, রাইফেল/শ্যুটিং ক্লাব, শ্যুটিং ফেডারেশন বা ব্যক্তিগতভাবে বিদেশ হতে আমদানীকৃত এবং বিদেশ হতে উপহার হিসাবে প্রাপ্ত কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্সে লিপিবদ্ধ করার ৫ বছরের মধ্যে বিক্রি বা হস্তান্তর করা যাবে না। উক্ত সময়ের পর অস্ত্র বিক্রির ক্ষেত্রে লাইসেন্স ইস্যুকারী জেলা ম্যাজিস্ট্রেটের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। তবে ৫ বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে অস্ত্র অচল/নষ্ট হয়ে গেলে অস্ত্র মেরামতকারী লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের

